

## জাতীয়

# অনুমোদন ছাড়াই মালয়েশিয়া গমনেচ্ছুদের মেডিকেল, ডায়াগনস্টিক সেন্টার সিলগালা

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০২ অক্টোবর ২০২৬, ০২:৪০ PM



## প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়

রাজধানীর পল্টনে সরকারি অনুমোদন ছাড়াই মালয়েশিয়াগামী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা ও মেডিকেল রিপোর্ট দেওয়ার অভিযোগে একটি ডায়াগনস্টিক সেন্টার সিলগালা করেছে ড্রাম্যাগ আদালত।

বৃহস্পতিবার (১ অক্টোবর) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে।

মন্ত্রণালয় জানায়, পল্টনের 'হিউম্যান ডায়াগনস্টিক অ্যান্ড মেডিকেল সেন্টার'-এ অভিযান চালিয়ে বিভিন্ন অনিয়ম পাওয়া যায়। গত ২০ থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিষ্ঠানটি ১৪ জন মালয়েশিয়াগামী ব্যক্তির মেডিকেল পরীক্ষা করে রিপোর্ট দিয়েছে। তবে এ ধরনের স্বাস্থ্য পরীক্ষা ও রিপোর্ট দেওয়ার কোনো সরকারি অনুমোদন প্রতিষ্ঠানটির ছিল না।

এ ছাড়া একই ভবনে 'হিউম্যান ডায়াগনস্টিক অ্যান্ড মেডিকেল সেন্টার'-এর সাইনবোর্ডের পাশাপাশি 'সামিহা ডায়াগনস্টিক সেন্টার' নামে

আরেকটি প্রতিষ্ঠানের সাইনবোর্ড ব্যবহার করা হচ্ছিল। এর মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম চালানোর প্রমাণও পাওয়া গেছে।

জনস্বার্থ ও বৈদেশিক কর্মসংস্থান খাতের শৃঙ্খলা রক্ষায় ভ্রাম্যমাণ আদালত প্রতিষ্ঠানটির সব কার্যক্রম বন্ধ ঘোষণা করেন। পরে প্রতিষ্ঠানটি তাৎক্ষণিকভাবে সিলগালা করা হয়।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেন, বৈদেশিক কর্মসংস্থান খাতে অনিয়ম, প্রতারণা ও অনুমোদনহীন কার্যক্রমের বিরুদ্ধে সরকার 'জিরো টলারেন্স' নীতি নিয়েছে। মালয়েশিয়াগামী কর্মীদের নিয়ে কোনো প্রতিষ্ঠানকে প্রতারণার সুযোগ দেওয়া হবে না।

মন্ত্রী বলেন, যেসব প্রতিষ্ঠান ভুয়া বা প্রতারণামূলকভাবে বিদেশগামীদের মেডিকেল রিপোর্ট দিচ্ছে, তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। কর্মীদের স্বার্থ রক্ষা ও স্বচ্ছতা নিশ্চিত করতে এ ধরনের ঝটিকা অভিযান ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম সারা দেশে অব্যাহত থাকবে।

## এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর  
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪  
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেফটি ফাউন্ডেশনের মাস...



#### বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



#### পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ বিদ্রোহকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/onumodn-chharai-maljeshija-gmnechchhuder-medikel-dayagnstik-sentar-silgala>